

advertisement

## দাবিতে পরীক্ষা বর্জন

**রাঙামাটি প্রতিনিধি**

১৬ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ জুলাই ২০১৯ ০০:১৫

স্থায়ী ক্যাম্পাস আর নিজস্ব হোস্টেল চালুর দাবিতে অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জন করেছে রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। কর্মসূচির অংশ হিসেবে গতকাল সোমবার ক্লাসরুমে তালা ঝুলিয়ে দেন তারা। আগামীকাল বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা শহরের তবলছড়িছু অস্থায়ী ক্যাম্পাসে জড়ো হন। তারা মুখে কালো কাপড় বেঁধে মানববন্ধন করেন। পরে স্থায়ী ক্যাম্পাস

ও হোস্টেলসহ বিভিন্ন দাবিতে অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জনের ডাক দেন। মানববন্ধন শেষে ক্লাস রুমে তালা লাগিয়ে দেওয়া হয়। শিক্ষার্থীরা জানান, দাবি পূরণে লিখিত আশ্বাস না পাওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন।

advertisement